

# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | খুলনা | 03 May, 2025

বিনাইদহের কালীগঞ্জ উপজেলার বালিয়াডাঙ্গা গোপীনাথপুর গ্রামে নিজ নির্মাণাধীন ঘরের মাটি চাপায় নজরুল ইসলাম (৫৮) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে। (শনিবার) সকাল ১২ টার দিকে এ ঘটনা ঘটে। স্থানীয়রা জানায়, নজরুল ইসলাম পুকুরের ভিতর কিছু দিন আগে ঘর নির্মাণ শুরু করেন। আজ সকাল ১১ টার দিকে নির্মাণাধীন ঘরের মেঝে মাটি দিয়ে ভরাট করার কাজ শুরু করেন নজরুল। সে সময় প্রায় ৮ ফুট উচ্চতার মাটি স্তূপ আকারে ধসে পড়ে নজরুল ইসলামের উপর তখন পাশে থাকা প্রাচীরের সাথে তার শরীর মাটির চাপে আটকে যায়। প্রথমে স্থানীয়রা তাকে উদ্ধারের চেষ্টা করে ব্যর্থ হয়। পরে কালীগঞ্জ ফায়ার সার্ভিসের একটি দল এসে ১ ঘন্টার চেষ্টায় নজরুল ইসলামকে মৃত অবস্থায় মাটির নিচ থেকে উদ্ধার করে। নিহত নজরুল ইসলামের দুই ছেলে ও স্ত্রী রয়েছে। কালীগঞ্জ ফায়ার সার্ভিস স্টেশন অফিসার (ভারপ্রাপ্ত) রবিউল ইসলাম বলেন, সংবাদ পেয়ে সাথে সাথে আমরা ঘটনাস্থলে আসি। এক ঘন্টা চেষ্টা করে নিহত ব্যক্তিকে মাটির নিচ থেকে মৃত অবস্থায় উদ্ধার করি। কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) শহিদুল ইসলাম এবং ত্রিলেচনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নজরুল ইসলাম রিতু ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

মৃত্যু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 13:29

URL: <https://www.timestodaybd.com/public/khulna/1837850347>